তাহা আর কি বলিব? এইরূপ উক্তি থাকা জন্য নির্গুণ মোক্ষ অবস্থা হইতেও রসিক ভক্তসঙ্গের আধিক্যের কথা উল্লেখ করাতে ভগবদ্ভক্ত সঙ্গ যে পরম নির্গুণ, তাহাই দেখান হইয়াছে। ৭ম স্কন্ধের প্রথমেও "সমঃ প্রিয়ঃ সুহৃদ্ ব্রহ্মণ্"—ইত্যাদি শ্লোকে সগুণ দেবাদিতে শ্রীভগবানের বাস্তবিক কৃপা হয় না, কিন্তু শ্রীমৎ প্রহ্লাদিতেই তাঁহার কৃপা হইতে থাকে—এইরূপ প্রতিপাদন করাতেও মহাপুরুষ ভগবদ্ভক্তগণের নির্গুণত্বের অভিব্যক্তির দ্বারা অর্থাৎ ভগবদ্ভক্তগণ যে গুণাতীত, তাঁহারই উল্লেখ করিয়া ভক্তসঙ্গেরও নির্গুণত্ব প্রকাশ করা হইয়াছে। ভগবদ্ভক্তের যেমন নির্গুণত্ব প্রতিপাদন করা হইয়াছে, তেমনি ভগবদ্ভক্তিরও সত্ত্ব, রজঃ ও তমোগুণসঙ্গ সর্ব্বথা নিবৃত্তির পরই গঙ্গাস্রোতের মত নির্ব্বাধগতির কথা শ্রবণ করা যায়। অর্থাৎ যতদিন পর্য্যন্ত সাধকের হৃদয়ে সত্ত্ব, রজঃ ও তমোগুণের সত্ত্বা থাকিবে, ততদিন পর্য্যন্ত ভগবদ্ভক্তির গতি নির্ব্বাধরূপে শ্রীহরিচরণ-সিন্ধুতে বৃত্তিলাভ করিতে পারে না। ভক্তি-সাধনের অনবরত অনুষ্ঠান করিতে করিতে যখন সত্ত্ব, রজঃ ও তমোগুণের কথায় নিবৃত্তি হইবে, তখনই নির্ব্বাধ-গঙ্গাস্রোতের মত হরিচরণসিন্ধুতে ভক্তির অনবরত বৃত্তি হইয়া থাকে। শ্রীভগবান্ শ্রীমান্ উদ্ধবের প্রতি যাহা বলিয়াছেন, তাহাতেও এই অভিপ্রায়ই প্রকাশ করা হইয়াছে। "তস্মাৎ দেহমিমং লব্ধা জ্ঞানবিজ্ঞান সম্ভবম্। গুণসঙ্গং বিনির্ধুয় মাং ভজন্তু বিচক্ষণাঃ"। ১১।২৫।৩৩। অতএব, বিবেকীজনের ইহাই করা একান্ত কর্ত্তব্য। এই মনুষ্যদেহে পরোক্ষ এবং অপরোক্ষ জ্ঞানলাভ করিতে পারা যায় বলিয়া এই দেহটি সুদুর্ল্লভ। সুচতুরজন এই দেহ লাভ করিয়া সত্ত্ব, রজঃ ও তমোগুণের সঙ্গ পরিত্যাগ করতঃ আমাকে ভজন করুক। এইজন্য পরমেশ্বরের জ্ঞানের নৈর্গুণ্যহেতু বলিয়া অর্থাৎ পরমেশ্বরে ভক্তির উদয় হইলে নির্গুণ অবস্থার প্রাপ্তি হইয়া থাকে। এইজন্য ভগবদ্ভক্তিকে যে নির্গুণ বলিয়া উল্লেখ করা হয়, বস্তুতঃ ভক্তি নির্গুণা নহে। সেটি কিন্তু লক্ষণাময় কষ্ট-কল্পনা মাত্র। যেহেতুক কৈবল্যজ্ঞানেরও নৈর্গুণ্য হেতু থাকাতে অর্থাৎ কৈবল্যজ্ঞানেও সত্ত্ব, রজঃ ও তমোগুণের নিবৃত্তি হয়, এইজন্য কৈবল্য-জ্ঞানও নৈর্গুণ্যহেতু। তাহা হইলে কৈবল্যজ্ঞান হইতে শ্রীভগবদ্ভক্তির কোনও বৈশিষ্ট্য থাকে না। কারণ উভয়েই (কৈবল্যজ্ঞানেও গুণাতীত অবস্থা প্রাপ্তি হয়, ভগবদ্ভক্তিতেও গুণাতীত অবস্থা প্রাপ্তি হয়।) গুণাতীত অবস্থার প্রাপ্তিহেতু বলিয়া যদি ভক্তিকে ও কৈবল্যজ্ঞানকে নির্গুণ বলিয়া উল্লেখ করা হয়, তাহা হইলে উভয়ের মধ্যে পার্থক্য কি রহিল? যদি পার্থক্য না